**Registrar Office**
**Jagannath University**
**Dhaka-1100, Bangladesh**
**Tel : (+880-2) 9534255**
**Fax : (+880-2) 47118449**
**E-mail: registrar@jnu.ac.bd**

**রেজিস্ট্রার দপ্তর**
**জগন্নাথ বিশ্ববিদ্যালয়**
**ঢাকা-১১০০, বাংলাদেশ**
**ফোন ঃ (৮৮০-২) ৯৫৩৪২৫৫**
**ফ্যাক্স ঃ (৮৮০-২) ৪৭১১৮৪৪৯**

জবি/প্রশা/একা-৩২/১৬১/২০২৩ (পার্ট-৪)/৫৩৬ তারিখ: ১৪ ডিসেম্বর, ২০২৫

পরিচালক/চেয়ারম্যান
........................................ (সকল) ইনস্টিটিউট/বিভাগ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে দেশে ও বিদেশে বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়সমূহে উচ্চতর শিক্ষায় ফেলোশিপের আবেদন আহবান সংক্রান্ত।**

সূত্র: ৩৯.০৯.০০০০.০০০.৯৯.৮৮.২৫.৬৫৯, তারিখ: ১৩/১১/২০২৫
সূত্র: ৩৯.০৯.০০০০.০০০.৯৯.৮৮.২৫.৭০৯, তারিখ: ২৫/১১/২০২৫

মহোদয়

উপযুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট কর্তৃক ২০২৫-২০২৬ অর্থবছরে ফেলোশিপ প্রদানের লক্ষ্যে দেশে ও বিদেশে বিজ্ঞান প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়সমূহে উচ্চতর শিক্ষার জন্য আবেদন আহবান করা হয়েছে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আগ্রহী গবেষকবৃন্দকে এতদসঙ্গে প্রেরিত বিজ্ঞপ্তি মোতাবেক অনলাইনে (https://grant.most.gov.bd/en/services/stft/stft-fellowship) গবেষণা প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

গবেষণা প্রস্তাব পাঠানোর শেষ তারিখ ১৮/০২/২০২৬ (রাত ১১:৫৯)।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

সংযুক্তি: সূত্রোক্ত পত্র ও বিজ্ঞপ্তি (দুই ফর্দ)

14/12/2025
**(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

জবি/প্রশা/একা-৩২/১৬১/২০২৩ (পার্ট-৪)/৫৩৬ তারিখ: ১৪ ডিসেম্বর, ২০২৫

<u>**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :**</u>

১. ডীন, সকল অনুষদ, জবি।
২. পরিচালক (গবেষণা/ছাত্র-কল্যাণ/জনসংযোগ, তথ্য ও প্রকাশনা), জবি।
৩. পরিচালক, আইসিটি সেল (*ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ*), জবি
৪. ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর (*উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য*), জবি।
৫. ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর (*ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য*), জবি।
৬. ডেপুটি রেজিস্ট্রার, ব্যক্তিগত শাখা (রেজিস্ট্রার দপ্তর), জবি।
৭. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

১৪/১২/২৫
**(মোহাম্মদ খসরু আলম)**
সহকারী রেজিস্ট্রার (একাডেমিক)।

ডায়েরী নং: ২৫৬৯৬

সময়: ২.০...০...

DR(A-DIV) / AR(ব্যব)
রেজিস্ট্রার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা
stft.gov.bd

স্মারক নং: ৩৯.০৯.০০০০.০০০.৯৯.৮৮.২৫ – ৭০১

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩২ / ২৫ নভেম্বর ২০২৫

বিষয় : বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ২০২৫-২০২৬ অর্থ বছরের ফেলোশিপ বিজ্ঞপ্তি প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট কর্তৃক ২০২৫-২০২৬ অর্থ বছরে ফেলোশিপ প্রদানের লক্ষ্যে দেশে ও বিদেশে বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়সমূহে উচ্চতর শিক্ষার জন্য আবেদন আহবান করা হয়েছে। এ প্রসঙ্গে সংশ্লিষ্ট ফেলোশিপ বিজ্ঞপ্তিটি আপনার সদয় অবগতি এবং বিশ্ববিদ্যালয়ে প্রচারপূর্বক শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ফেলোশিপ বিজ্ঞপ্তি

২৫/১১/২০২৫

আবুল ফাতে মোহম্মদ সফিকুল ইসলাম
উপপরিচালক (উপসচিব)
বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট

উপাচার্য
জগন্নাথ বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
২। উপসচিব, বিপ্র-৪ শাখা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ডায়েরী নংঃ ...
সময়ঃ ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা
stft.gov.bd

স্মারক নং: ৩৯.০৯.০০০০.০০০.৯৯.৮৮.২৫-৬৬৯

তারিখ: ২৮ কার্তিক ১৪৩২ / ১৩ নভেম্বর ২০২৫

# ফেলোশিপ বিজ্ঞপ্তি

## ২০২৫-২০২৬ অর্থবছরে দেশে ও বিদেশে বিজ্ঞান ও প্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়সমূহে উচ্চতর শিক্ষায় ফেলোশিপের আবেদন আহবান

বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট-এর আওতায় দেশে ও বিদেশে উচ্চতর শিক্ষায় নিম্নেবর্ণিত শর্তসমূহ পূরণ সাপেক্ষে ফেলোশিপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে-

- **আবেদন শুরু:** ১৮ নভেম্বর ২০২৫
- **আবেদন শেষ:** ১৮ ফেব্রুয়ারি ২০২৬ (রাত ১১:৫৯)
- **আবেদন পদ্ধতি:** অনলাইনে https://grant.most.gov.bd/en/services/stft/stft-fellowship -এই লিংকে আবেদন করতে হবে।

**অধ্যয়ন/গবেষণার বিষয়/ক্ষেত্রসমূহঃ**

পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, গণিত, পরিসংখ্যান, জীব বিজ্ঞান, চিকিৎসা বিজ্ঞান, পাবলিক হেলথ ও প্রিভেনটিভ মেডিসিন, জীব প্রযুক্তি ও অণুজীব বিজ্ঞান, ইঞ্জিনিয়ারিং ও স্থাপত্য বিদ্যা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, খাদ্য ও পুষ্টি বিজ্ঞান, সমুদ্র বিজ্ঞান, অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, মৎস্য বিজ্ঞান, পশু চিকিৎসা ও পশু পালন, কনভেনশনাল ও নন-কনভেনশনাল এনার্জি, জ্বালানি গবেষণা, নিউক্লিয়ার পাওয়ার, নিউক্লিয়ার টেকনোলজি, পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, আরবান ও রিজিওনাল ডেভেলপমেন্ট প্লানিং, এক্সপ্লোরেশন অব মিনারেলস এন্ড পেট্রোলজি, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, রোবোটিকস ও আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স।

**আবেদনকারীর যোগ্যতাঃ**

১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি হতে হবে।

২। আবেদন গ্রহণের শেষ তারিখে আবেদনকারীর বয়স এমএস/এমফিল/সমমান কোর্সের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর ও পিএইচডি কোর্সের ক্ষেত্রে অর্নূধ্ব ৪২ (বিয়াল্লিশ) বছর হতে হবে।

৩। বিদেশে এমএস/এমফিল/সমমান ও পিএইচডি'র এর জন্য "The Times Higher Education" এর সর্বশেষ/আবেদনের বিজ্ঞপ্তি প্রকাশের সময়কালীন "World University Rankings" তালিকার কেবলমাত্র ১-৪০০ র‍্যাংকিংধারী বিশ্ববিদ্যালয়সমূহের চূড়ান্ত অফার লেটার প্রাপ্ত প্রার্থীগণ এই ফেলোশিপের জন্য আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

৪। ফেলোশিপের আবেদনের জন্য, আবেদনকারীকে আবেদন গ্রহণের শেষ তারিখ পর্যন্ত নীতিমালায় বর্ণিত কার্যকর/Valid IELTS (Academic)/ TOEFL iBT/ PTE Academic স্কোর অর্জন করতে হবে।

৫। দেশে আবেদনের ক্ষেত্রে আবেদন ফি (অফেরতযোগ্য) বাবদ ৳২,০০০/- (দুই হাজার টাকা) এবং বিদেশে আবেদনের ক্ষেত্রে আবেদন ফি (অফেরতযোগ্য) বাবদ ৳৫,০০০/- (পাঁচ হাজার টাকা) ট্রাস্টের অনুকূলে অনলাইনে পেমেন্ট করতে হবে।

৬। আবেদনকারীর যোগ্যতা-অযোগ্যতাসমূহ এবং আবেদন জমা প্রদানের পদ্ধতির জন্য ফেলোশিপ প্রদান সম্পর্কিত নীতিমালা-২০২৫ (পুনঃসংশোধিত) অনুসরণ করতে হবে। নীতিমালা ও আবেদনের সাথে সংযুক্তির চেকলিস্ট বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের ওয়েবসাইটে (www.stft.gov.bd) পাওয়া যাবে।

**প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণঃ**

সফলভাবে অনলাইনে আবেদনপত্র পূরণের পর আবেদনের প্রিন্ট কপি ও আপলোডকৃত পাসপোর্ট সাইজের ছবির তিন কপিসহ সকল কাগজপত্র (১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত এবং সত্যায়িত ছবি ও ফটোকপিতে প্রত্যয়নকারীর নাম ও পদমর্যাদাসহ অফিসিয়াল সীল ব্যবহার করতে হবে) এ-৪ সাইজে স্পাইরাল বাইন্ডিং করতঃ মুখবন্ধ খামে "প্রধান নির্বাহী কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট, ১১তম তলা, জাতীয় বিজ্ঞান প্রযুক্তি কমপ্লেক্স (এনএসটিসি), আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭" ঠিকানায় ২২ ফেব্রুয়ারী ২০২৬ তারিখ, অফিস চলাকালীন সময়ের মধ্যে আবশ্যিকভাবে রেজিস্টার্ড ডাক/কুরিয়ার/বাহকের মাধ্যমে পৌঁছাতে হবে। এর ব্যর্থতায় আবেদন অসম্পূর্ণ বলে গণ্য হবে/ফেলোশিপের জন্য বিবেচিত হবে না।

**বিবিধঃ**

(ক) ফেলোশিপ সংক্রান্ত যে কোন বিষয়ে ফেলোশিপ নীতিমালা-২০২৫ (পুনঃসংশোধিত) প্রযোজ্য হবে।

(খ) আবেদন সংক্রান্ত প্রয়োজনে সংশ্লিষ্ট সাইটে ( https://support.most.gov.bd/en/login ) টিকিট তৈরি করুন অথবা নির্ধারিত নম্বরে (+880 1713-157012, +880 1796-244480) যোগাযোগ করুন।

২৩।১১।২০২৫

মোহাম্মদ ইফতেখার হোসেন
প্রধান নির্বাহী কর্মকর্তা